যে কোন সময় ব্যাংক ডাকাতিতে জড়িততরা গ্রেফতার হবে- খুলনার ডিআইজি

চুয়াডাঙ্গার জীবননগরে উথলী সোনালী ব্যাংক শাখায় দিনে দুপুরে ডাকাতির ঘটনায় জড়িতদের কাউকে ছাড় দেয়া হবে না বলে জানিয়েছেন খুলনা রেঞ্জের ডিআইজি ড. খন্দকার মহিদ উদ্দিন। ক্লু ধরে মামলার বিষয়ে অনেক দূর এগিয়েছে পুলিশ।অপরাধী যেই হোক তাকে শাস্তির আওতায় আনা হবে বলেও জানান তিনি।

আজ বৃহস্পতিবার দুপুর ২টায় চুয়াডাঙ্গা শিল্পকলা একাডেমি চত্বরে বিট পুলিশিং সভায় যোগদান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে একথা বলেন তিনি। তিনি জানান, ৫ দিন হলো ঘটনাটি ঘটেছে। এরই মধ্যে ঘটনাস্থল থেকে উদ্ধার করা আলামতের সূত্র ধরে অনেক দূর এগিয়েছে পুলিশ।

খুব শিঘ্রই অপরাধীদের গ্রেফতার করে সামনে নিয়ে আসা হবে। অপরাধীদের চিহ্নিত করে গ্রেফতার করতে গুরুত্ব দিয়ে কাজ করছে পুলিশের বিভিন্ন বিভাগ। ডিআইজি বলেন, ব্যাংক ডাকাতির ঘটনায় জড়িতদের গ্রেফতার এখন সময়ের ব্যাপার। ব্যাংক ডাকাতির ঘটনায় গত ৫ দিন ধরে পুলিশের বেশ কয়েকটি টিম দিনরাত কাজ করেছেন। তদন্তে গুরুত্বপূর্ণ তথ্য পুলিশের হাতে এসেছে। দুই একদিনের মধ্যেই এর সাথে জড়িতদের গ্রেফতার করে আইনের আওতায় আনা হবে।

চুয়াডাঙ্গা শিল্পকলা একাডেমি চত্বরে আয়োজিত বিট পুলিশিং সভায় সভাপতিত্ব করেন পুলিশ সুপার জাহিদুল ইসলাম। প্রধান অতিথি ছিলেন খুলনা রেঞ্জের ডিআইজি ড. খন্দকার মহিদ উদ্দিন বিপিএম (বার)। বিশেষ অতিথি ছিলেন জেলা পরিষদ চেয়ারম্যান শেখ সামসুল আবেদিন খোকন, সদর উপজেলা চেয়ারম্যান আসাদুল হক বিশ্বাস, জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নানসহ অন্যরা।

উল্লেখ্য,গেল রোববার দুপুর ১টার দিকে জীবননগরে উথলী সোনালী ব্যাংক শাখায় দিনে দুপুরে ডাকাতির ঘটনা ঘটে। এসময় হেলমেট ও পিপিই পরিহিত তিন অস্ত্রধারী ব্যাংক কর্মকর্তাদের অস্ত্রের মুখে জিম্মি করে নগদ ৮ লাখ ৮২ হাজার ৯০০ টাকা লুট করে পালিয়ে যায় ডাকাতরা।পরে ঘটনার দিন রাতে বাদী হয়ে জীবননগর থানায় অজ্ঞাত তিনজনকে আসামী করে

একটি মামলা দায়ের করেছেন ব্যাংকের ব্যবস্থাপক আবু বক্কর সিদ্দিক।

মেহেরপুরে তারেক রহমানের ৫৬তম জন্ম বার্ষিকী পালন

বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ৫৬তম জন্ম বার্ষিকী উপলক্ষে মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে করোনা প্রভাবে ক্ষতিগ্রস্থ প্রান্তিক ও গরীব চাষীদের মধ্যে বিনামুল্যে শস্যবীজ ও কীটনাশক বিতরণ কর্মসূচীর উদ্বোধন করা হয়েছে।
শুক্রবার সকালে মেহেরপুর জেলা বিএনপির কার্যালয়ের সামনে জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন এ কর্মসূচীর উদ্বোধন করেন। অনুষ্ঠানে অন্যদের বক্তব্য দেন পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, সদর উপজেলা বিএনপির সাধারন সম্পাদক সাইফুল ইসলাম, মুজিবনগর উপজেলা বিএনপির সাধারন সম্পাদক বদরুদ্দিন বিশ্বাস, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক (মুজিবনগর) আব্দুর রশিদ, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আরজুল্লাহ মাস্টার বাবলু, সদর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক শাহাবদ্দিন মোল্লা, জেলা কৃষকদলের যুগ্ম আহবায়ক আরমান আলী, জেলা মুক্তিযোদ্ধা দলের সাংগঠনিক সম্পাদক আঃ গণি, জেলা যুবদল সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা যুবদলের যুগ্ম সম্পাদক মেহেদী হাসান রোকন, মুজিবনগর উপজেলা যুবদলের আহবায়ক আবুল হাসান, মুজিবনগর উপজেলা শ্রমিকদলের সভাপতি হাজী মশিউর রহমান, জাসাস এর জেলা সভাপতি মাহফুজুর রহমান অশেষ ও সাধারন সম্পাদক বাকাবিল্লাহ,জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি তোফায়েল আহমেদ।

এছাড়াও উপস্থিত ছিলেন জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারন সম্পাদক আজমল হোসেন মিন্টু, জেলা স্বেচ্ছাসেবক দলের সিনিয়র সহ-সভাপতি আব্দুল আল-মামুন, মুজিবনগর উপজেলা ছাত্রদলের আহবায়ক আকিব জাভেদ সেনজির, সদস্য সচিব আকিরুল ইসলাম, সদর উপজেলা ছাত্রদলের আহবায়ক বখতিয়ার খালিদ বুলবুল, সদস্য সচিব রাশিদুল ইসলাম রাজন, পৌর ছাত্রদলের আহবায়ক তৌফিক এলাহী, মেহেরপুর সরকারী কলেজ ছাত্রদলের আহবায়ক ফাহিম আহনাফ লিংকনসহ জেলা বিএনপির অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ। অনুষ্ঠানে বেগম খালেদা জিয়ার শারিরীক সুস্থতা কামনা

জীবননগরে কৃষকদের মাঝে বিনামূল্যে ধান বীজ বিতরণ

জীবননগরে প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে ধানের বীজ বিতরণ করা হয়েছে। গতকাল সকাল সাড়ে ১০টার সময় বায়ার ফর বাংলাদেশ কোম্পানীর আয়োজনে উপজেলা সাহিত্য পরিষদে জীবননগর উপজেলার ১৬৭জন কৃষকদের মাঝে বিনামূল্যে ধানের বীজ বিতরণ করা হয়।

বায়ার ফর বাংলাদেশ কোম্পানীর কৃষি বীদ জি এম মাসুদুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কৃষকদের মাঝে ধানের বীজ বিতরণ করেন জীবননগর উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপসহকারী কৃষি কর্মকর্তা জাহাঙ্গীর আলম, বায়ার ফর বাংলাদেশ কোম্পানীর এম ডি ও বাবুল আক্তার, এম ডি ও ইখলাচুর রহমান। উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন এসি হারুন আর রশীদ।

দর্শনা থানার ওসি পঞ্চম বারের মতো জেলার শ্রেষ্ঠ অফিসার মনোনীত

চুয়াডাঙ্গা জেলার দর্শনা নতুন থানা হিসেবে ঘোষণার পর প্রথম ওসি হিসেবে দায়িত্বে যোগদান করেন ওসি মাহাব্বুর রহমান কাজল।

নতুন দর্শনা থানাতে যোগদান দিতে না দিতেই দর্শনার বড় বড় মাদক

ব্যাবসায়ীদের ঘুম হারাম হয়ে যায় ওসি মাহাব্বুর রহমান কাজল এর কারণে।

মাদক বিরোধী অভিযান চালিয়ে একে একে ছোট- বড় বিভিন্ন মাদকের চালান ধরা পড়ে তার কাছে। আর সততার সাথে দায়িত্ব পালন ও অন্যায় কে আপোশ না করার কারণে পঞ্চম বারের মত জেলার শ্রেষ্ঠ অফিসার ইনচার্জ মনোনীত হলেন দর্শনা থানার অফিসার জনাব মাহাব্বুর রহমান কাজল।

গতকাল ১৯/১১/২০২০ ইং তারিখ পুলিশ সুপার কর্তৃক আয়োজিত বিশেষ কল্যাণ সভায় ক্রেস্ট এবং সম্মাননা সার্টিফিকেট তুলে দেন খুলনা রেঞ্জ ডিআইজি ড. খঃ মহিদ উদ্দিন বিপিএম বার।

কোটচাঁদপুরে প্রতিবেশীর আঘাতে কৃষকের মুত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুরে ধান ঝাড়াকে কেন্দ্র করে প্রতিবেশীর হামলায় বদর উদ্দিন বুদো (৬৩) নামের এক কৃষকের মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার বিকালে উপজেলার বলুহর গ্রামের প্রজেক্ট পাড়ায় এ ঘটনা ঘটে। নিহত বদর উদ্দিন বুদো ওই গ্রামের মৃত ছোবান মন্ডলের ছেলে।

কোটচাঁদপুর থানার ওসি মাহবুবুল আলম জানান, বৃহস্পতিবার বিকালে প্রতিবেশী জিয়া মন্ডল নিজ বাড়ির বাইরে ধান মাড়াই করছিল। ধান মাড়াইয়ে ধুলা-বালি বুদোর বাড়িতে গেলে বুদোর সাথে জিয়ার বাক-বিতণ্ডা হয়।

এক পর্যায়ে জিয়া ও তার পরিবারের লোকজন বুদোকে এলোপাতাড়ী লাথি, কিল-ঘুষি ও চড় থাপ্পড় মারে। এতে বুদো অসুস্থ হয়ে গেলে তাকে প্রথমে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। পরে উন্নত চিকিৎসার জন্য যশোর জেনারেল হাসপাতালে রেফার্ড করা হলে পথমধ্যে তার মৃত্যু হয়। ওসি জানান, প্রাথমিকভাবে মৃতের শরীরে আঘাতের চিহ্ন পাওয়া যায়নি। লাশ ময়না তদন্তরের পর বিস্তারিত জান যাবে। এ ঘটনায় জড়িতদের গ্রেফতারে অভিযান চলছে বলে জানায় ওসি।

নিহতের ছেলে মনিরুল ইসলাম জানান, প্রতিবেশী শওকত আলী মন্ডলের ছেলে জিয়া, রেজা ফজলু ও তার পরিবারের লোকজন আমার বাবাকে দুই দফায় মরধর করেছে। তাদের আঘাতে আমার বাবা মারা গেছে। আমি তাদের দৃষ্টান্ত শাস্তি চাই।

কুষ্টিয়ায় প্রতিবন্ধী কিশোরী ধর্ষণ: আসামি গ্রেফতার

কুষ্টিয়ায় অভিযান চালিয়ে শহরের লাহিনী ক্যানেলপাড়া পশ্চিমপাড়া এলাকার বাকপ্রতিবন্ধী কিশোরীকে ধর্ষণ মামলার আসামি হাফিজুল (৫০) কে গ্রেফতার করেছে পুলিশ।

বৃহস্পতিবার দুপুরে গোপন সংবাদের ভিত্তিতে মিলপাড়া পুলিশ ক্যাম্পের টু আইসি এসআই সাহেব আলী ও কুষ্টিয়া মডেল থানার এএসআই আসাদ সহ সংগীয় ফোর্স শহরের হরিশংকরপুর তালতলা এলাকায় অভিযান পরিচালনা করে আসামিকে গ্রেফতার করেন।

পুলিশ সূত্রে জানা যায়, তাদের লাহিনী পশ্চিম ক্যানালপাড়ার জামাল মন্ডলের মেয়ে বাক প্রতিবন্ধীকে একই এলাকার হাফিজুল বিভিন্ন প্রকার প্রলোভন দেখিয়ে তাদের নিজ বসত বাড়ীতে লোক না থাকার সুযোগে তাদের মেয়েকে গোপনে ধর্ষণ করেন। ফলে তার মেয়ে ২ মাসের অন্তঃসত্ত্বা হয়ে পড়ে। বিষয়টি জানাজানি হলে জামালের পরিবারকে ভিটামাটি থেকে উচ্ছেদের হুমকি দেন হাফিজুলের পরিবার।

এরপর মেয়ের বাবা জামাল গত ১৪ নভেম্বর শনিবার বাদী হয়ে কুষ্টিয়া মডেল থানায় একটি মামলা দায়ের করেন।

কুষ্টিয়া চিনিকলের এমডি, সিবিএ সভাপতি-সম্পাদক সাময়িক বরখাস্ত

দুর্নীতির অভিযোগে কুষ্টিয়া চিনিকলের এমডি গোলাম সারওয়ার মুর্শেদ, সিবিএ সভাপতি ফারুক হোসেন এবং সাধারণ সম্পাদক আনিসুর রহমানকে সাময়িক বরখাস্ত করা হয়েছে।

বুধবার (১৮ নভেম্বর) বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প সংস্থার চেয়ারম্যান সনৎ কুমার সাহা স্বাক্ষরিত এক আদেশে কুষ্টিয়া চিনিকলের এমডি গোলাম সারওয়ার মুর্শেদকে সাময়িক বরখাস্তের কথা জানানো হয়।

আদেশে বলা হয়েছে, কুষ্টিয়া চিনিকলের অবসরপ্রাপ্ত শ্রমিক-কর্মচারীদের প্রভিডেন্ট ফান্ড, গ্রাচুইটি এবং মালামাল সরবরাহকারীর বিল পরিশোধে অনিয়ম উত্থাপিত হয়। পরে অভিযোগ তদন্তে বিএসএফআইসি সদও দফতর কর্তৃক প্রাথমিক তদন্ত কমিটি গঠন করা হয়। কমিটি সরেজমিনে তদন্ত করে প্রধান কার্যালয়ের কর্তৃপক্ষের কাছে তদন্ত প্রতিবেদন পেশ করে।

প্রতিবেদন অনুযায়ী পিএফ ট্রাস্টি বোর্ডের সভাপতি হিসেবে অনিয়মতান্ত্রিকভাবে সঞ্চয়পত্র ভাঙানো, রেজিস্ট্রেশনে স্বাক্ষর, অবসর গ্রহণের দুই এক মাস পূর্বে পিএফ সদস্যদের নিজের অংশ এবং মিলের অংশের ৯০-৯৫ শতাংশ লোন হিসেবে প্রদান এবং অবসরপ্রাপ্ত শ্রমিক কর্মচরীদের পিএফ ফান্ডের চেক প্রদানকালে তাদের নিকট থেকে মিলের শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সভাপতি এবং সাধারণ সম্পাদক কর্তৃক অর্থ আদায়করণ, ১৩-৩৩ শতাংশ হারে অবসরপ্রাপ্ত শ্রমিক কর্মচারীদের কাছ থেকে ইউনিয়নের সভাপতি-সাধারণ সম্পাদকের ঘুষ নেয়ার বিষয়টি অবহিত হওয়ার পরও ব্যবস্থাপনা পরিচালক হিসেবে নীরব থাকা এবং ব্যবস্থা গ্রহণ না করা গুরুতর অভিযোগ হিসেবে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় তাকে বিএসএফআইসি কর্মচারী প্রবিধানমালা ১৯৮৯ এর ৪৪(১) ধারা অনুযায়ী চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হয়। সাময়িক বরখাস্তকালে তিনি খোরাকি ভাতা পাবেন।

একই দিন প্রধান কার্যালয়ের অপর এক নির্দেশে কুষ্টিয়া চিনিকলের ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক রকিবুর রহমান স্বাক্ষরিত আদেশে মিলের সিবিএ সভাপতি ফারুক হোসেন ও সাধারণ সম্পাদক আনিসুর

রহমানকে সাময়িকভাবে চাকরি থেকে বহিষ্কার করা হয়েছে।

আদেশে উল্লেখ করা হয়েছে যে, কুষ্টিয়া চিনিকলে অবসরপ্রাপ্ত শ্রমিক কর্মচারীদের প্রভিডেন্ট ফান্ড, গ্রাচুইটি ও মালামাল সরবরাহকারীর বিল পরিশোধের ক্ষেত্রে বিভিন্ন অনিয়মের অভিযোগ উত্থাপিত হয়। এ প্রেক্ষিতে সদর দফতরের ২ নভেম্বরের আদেশ মোতাবেক অভিযোগের বিষয়টি তদন্তের জন্য প্রাথমিক তদন্ত কমিটি গঠন করা হয়। কমিটি সরেজমিনে তদন্ত করে প্রধান কার্যালয় প্রতিবেদন পেশ করে।

প্রতিবেদন অনুযায়ী বিধি বহির্ভূতভাবে তিন কোটি টাকার সঞ্চয়পত্র ভাঙানো, রেজুলেশন করা, নিয়ম ভেঙ্গে পিএফ ফান্ডের সদস্যদের টাকা চিনি ব্যবসায়ীদেরকে প্রদান এবং মিলের অবসরপ্রাপ্ত শ্রমিক-কর্মচারীদের পিএফ ফান্ডের অর্থ প্রদান কালে ৪৩.৩৩ শতাংশ হারে ঘুষ নেয়ার দণ্ডনীয় অপরাধের জন্য বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ২৪ (২) ধারা অনুযায়ী চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হয় সাময়িক বরখাস্ত কালীন তারা খোরাকি ভাতাপ্রাপ্ত হবেন বলে আদেশে উল্লেখ করা হয়।

বুধবার (১৮ নভেম্বর) রাতে এ খবর কুষ্টিয়া চিনিকলে পৌঁছালে মিলের শ্রমিক ও কর্মচারীদের মাঝে স্বস্তি ফিরে আসে।

দর্শনার পারকৃষ্ণপুরে কৃষিতে নারীর অংশ গ্রহণ বিষয়ক সভা

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন পরিষদে কৃষি কর্মে নারীর অংশগ্রহণ নিশ্চিত করণে এক মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার দুপুর ১২ টায় দামুড়হুদা উপজেলার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন পরিষদ হলরুমে অনুষ্ঠিত মত বিনিময় সভায় সভাপতিত্ব করেন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের চেয়ারম্যান এস এ এম জাকারিয়া আলম। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওয়েভ সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ। পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন প্যানেল চেয়ারম্যান মোঃ আব্দুর রহমান।

মতবিনিময় সভায় পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের বিভিন্ন গ্রামের নারীরা অংশগ্রহণ করেন।

হরিণাকুন্ডুতে উপজেলা আওয়ামী লীগের উদ্যোগে মাস্ক বিতরণ

মহামারি করোনা ভাইরাস এর দ্বিতীয় ঢেউ প্রতিরোধে প্রধান মন্ত্রীর নিদের্শনা মোতাবেক উপজেলা আওয়ামী লীগের উদ্যোগে বুধবার ও বৃহস্পতিবার দিনব্যাপী সচেতনতা মূলক আলোচনা সভা ও মাস্ক বিতরণ করা হয়।

হরিণাকুন্ডু উপজেলা কার্যালয়ের সামনে থেকে বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে মাস্ক বিতরণ করেন উপজেলা আওয়ামী লীগ সভাপতি আলহাজ্ব মশিউর রহমার জোয়ার্দ্দার।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আজগর আলী মাস্টার, যুগ্ম-সম্পাদক অধ্যক্ষ শরিফুল ইসলাম, পৌর মেয়র শাহিনুর রহমান রিন্টু, উপজেলা যুবলীগের আহবায়ক আশরাফুল হক জুয়েল, আ‘লীগ নেতা রবিউল ইসলাম পিলু মল্লিক, বাবু সঞ্জয় কুমার রায় চৌধুরী, পৌর যুবলীগের সভাপতি আবু সাইদ টুনু, সাবেক ছাত্রলীগ সভাপতি রফিকুল ইসলাম, সাদিক আহম্মেদ সুমন, তৈয়বুর রহমান, ছাত্রলীগ আহবায়ক রিগান আলী।

এছাড়া উপজেলা আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ, বঙ্গবন্ধু সৈনিক লীগসহ অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতা কর্মীরা মাস্ক বিতরণ ও সচেতনতা মূলক কর্মসূচিতে অংশ গ্রহণ করেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]